## 'অ - কবি সুলভ'

কবিতা ----
গভীর কথা অনেক গুলোয় মনে
কলম ছোটে অন্য ভাবনায়।
টুকরো চিন্তার ফটোগ্রাফি,
কিংবা কিছুই নয়।
ছোট্ট পালক, ছোট্ট দেখা, ছোট্ট ভাবার বিন্দু
সিন্ধু বানায় চিরন্তনের। মনের রঙে
চুবিয়ে নিয়ে জগৎ শোনে কথা...

যা চলছে ---
ছন্নছাড়া শব্দমালা এটা ওটা
অনেক কিছু ছুঁয়ে
আবার কোন কিছুই না ছুঁয়ে
শুধুই ছড়ায় অনবধানের আবছায়া...

থাক তত্ত্বকথা। কবির কবিতা -----
কবির মনের গহন কোণে আগুন ছোটায় যা
কবির চেতন কবির মনন
সব কিছু নস্যাৎ --
কলম বেয়ে গড়িয়ে পড়ে সৃষ্টির উল্লাস...
যাক না উড়ে পাণ্ডুলিপি
ফেলুক ছুঁড়ে সম্পাদক।
কবিতা তুমি কবির আকাশ---
অ-কবি কবিতা!

পারমিতা আঢ্য মুখোপাধ্যায়

## 'অর্থহীন'

বহুদিন বাদে এক
   হঠাৎ পেয়ে- যাওয়া নিভৃত দুপুর ----
নেই কাজের তাড়া,
   অলস সময় যেমন খুশি কাটাও--
কেউ কিছু বলবে না!
কিন্তু এই নির্জনে --
   যে ভালোলাগা ছড়ায় আজ
      এই বসন্তের পড়ে-আসা রোদ,
      ওই পুকুরের ঝিক্‌মিক্ জল--
   ওই ঝির্‌ঝিরে হাওয়ায়
      দোল্-দোল্ পাতাগুলো--
সেই আবেশ যে বয়ে আনে
      একরাশ বিষণ্ণতাও...
   কি ভীষণ ইচ্ছে করে তোমার কাছে যেতে--
      তোমার কাছে বসে,
         শুধু চুপটি করে বসে,
   দু-চোখ ভ'রে দেখে যাই
         এই মায়াবী বিকেলটাকে---
   সূর্য পশ্চিমে হেলে গেছে ,
      ছায়া-ছায়া গাছ পুকুরের জলে
   আলপনা এঁকে যায় নানা--ন রকম,
   ভাললাগার সব আয়োজন পূর্ণ এখন...
কিন্তু , তুমি যে নেই কাছে,
   এই সব, সবকিছু কেমন অর্থহীন লাগে---
   বুকের মধ্যে ছায়া ঘনায়...
   তুমি যে অনেক অনেক দূরে আজ---
তবে আর
   প্রকৃতির এই খেয়ালের সাজ,
   এই ক্ষণিক অতিথির মতো
   হাজির হওয়া বসন্ত--
এ কার জন্য ঞ্জ

পারমিতা আঢ্য মুখোপাধ্যায়